



# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আছাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং- ০৭/২০২৫

তারিখঃ ০৪/০৩/২০২৫ খ্রি.

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, উপ পরিচালকের কার্যালয়, উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র, সমুদ্র বন্দর, চট্টগ্রাম এর পত্র নং- ১২.১১.২০১৫.০৩৯.৪৪.০৫৩.২৫.২৪১, তারিখঃ ০৩/০৩/২০২৫ খ্রি. সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

মোঃ মিজানুর রহমান  
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপ পরিচালকের কার্যালয়  
উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র  
সমুদ্র বন্দর, চট্টগ্রাম।

স্মারক নং- ১২.১১.২০১৫.০৩৯.৪৪.০৫৩.২৫.২৪১

তারিখঃ ০৩/০৩/২০২৫ খ্রি.

বিষয়: সরকারিভাবে সরবরাহকৃত এ্যালুমিনিয়াম ফসফাইড টেবলেট (ফিউমিগেশন টেবলেট) মজুদ শেষ হওয়া স্বাপেক্ষে পরবর্তীতে আমদানিকারক/রপ্তানিকারকগণের মাধ্যমে এ্যালুমিনিয়াম ফসফাইড টেবলেট ক্রয় করে ফিউমিগেশন ট্রিটমেন্ট কার্যক্রম সম্পাদন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জ্ঞাতার্থে ও কার্যার্থে আপনাকে/আপনাদেরকে জানানো যাচ্ছে যে, অত্র কার্যালয় কর্তৃক ফিউমিগেশন ট্রিটমেন্ট কার্যক্রম সম্পাদনের জন্য সরকারিভাবে সরবরাহকৃত এ্যালুমিনিয়াম ফসফাইড টেবলেট এর মজুদ প্রায় শেষ পর্যায়ে রয়েছে। তৎপ্রেক্ষিতে আগামী ০৬/০৩/২০২৫ খ্রি: তারিখের পর থেকে ফিউমিগেশন ট্রিটমেন্ট কার্যক্রম সম্পাদনের ক্ষেত্রে উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র, সমুদ্র বন্দর, চট্টগ্রাম কার্যালয়ের সাথে যোগাযোগ করত: ফিউমিগেশন ট্রিটমেন্ট কার্যক্রমের জন্য নির্ধারিত ফিস ও সার্ভিস চার্জ উদ্ভিদ সংগনিরোধ উইং এর নির্দিষ্ট কোডে ট্রেজারী চালান/ই-পেমেন্ট এর মাধ্যমে জমা প্রদানের অনুরোধ জানানো হলো।

২। উল্লেখ্য যে, কোন আমদানিকারক/রপ্তানিকারক/সিএন্ডএফ এজেন্ট যদি অত্র কার্যালয়ের কর্তৃপক্ষের সাথে যোগাযোগ ব্যতিরেকে ফিউমিগেশন ট্রিটমেন্ট কার্যক্রম পরিচালনার জন্য অগ্রিম ট্রেজারী চালান জমা দিয়ে আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হন তার জন্য নিম্নস্বাক্ষরকারীর দপ্তর দায়ী থাকবেনা।

৩। বিষয়টি অতীব জরুরী।

স্বাঃ/

(ড. মোহাম্মদ শাহ আলম)

উপ পরিচালক

উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র

সমুদ্র বন্দর, চট্টগ্রাম।

তারিখঃ ০৩/০৩/২০২৫ খ্রি.